

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নম্বর-৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০২.২২(পার্ট-১).৬৩৯

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২  
২৯ মার্চ ২০২৬


বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃষ্তাসাধনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩ নম্বর স্মারক  
২) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৯ মার্চ ২০২৬ তারিখের ৩৮.০০.০০০০.০০২. ৯৯.০০০৬. ২১.৪১৫ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা ও কর্পোরেশনসহ সকল অফিসসমূহে কর্মকর্তা-কর্মচারীদের নিয়োজিত ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে অনুরোধ করা হয়েছে:

- ১। দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
- ২। বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে;
- ৩। অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ারকন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে;
- ৪। এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- ৫। অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
- ৬। অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
- ৭। বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
- ৮। অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
- ৯। যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে;
- ১০। জ্বালানি তেলের ব্যবহার কমাতে অপ্রয়োজনীয় যাতায়াত যথাসম্ভব সীমিত/পরিহার করতে হবে;
- ১১। গাড়ির ব্যবহার সীমিত করতে হবে। নিজ অধিক্ষেত্রের বাইরে দাপ্তরিক গাড়ি নিয়ে ভ্রমণ করা যাবে না। নিত্যমুহূর্তে আবশ্যিক হলে এক্ষেত্রে মহাপরিচালক মহোদয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ের সকল দপ্তর ও প্রতিষ্ঠানসমূহকে উল্লিখিত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ ও এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
মোঃ মাসুদ হোসেন  
পরিচালক (প্রশাসন)  
যুগ্মসচিব  
ফোন: ০২-৫৫০৭৪৮২৯

ই-মেইল: [diradmindpe@gmail.com](mailto:diradmindpe@gmail.com)

বিতরণ:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ/উপপরিচালক, লিডারশীপ ট্রেনিং সেন্টার, কক্সবাজার (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল) (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)
৪. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার/ইন্সট্রাক্টর, টিপিইটিসি/ইউপিইটিসি (সকল) (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অফিস কপি